

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৩৯

তারিখ: ২৪ কার্তিক ১৪২৯
০৯ নভেম্বর ২০২২

বিষয়: বিদেশ ভ্রমণ স্থগিতকরণ।

সূত্র: ১। পরিপত্র নং-০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪(অংশ-২)-৪০৩; তারিখ: ১২ মে ২০২২
২। স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-৮৩; তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পরিপত্র ও স্মারকপত্রের অনুবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারের পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের সকল পর্যায়ের কর্মকর্তাদের সকল প্রকার বিদেশ ভ্রমণ পুনরাদেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। এছাড়া, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নেও সকল প্রকার বিদেশ ভ্রমণ বন্ধ থাকবে। তবে নিম্নবর্ণিত উদ্দেশ্যে সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদেশ ভ্রমণ করা যাবে:

- (ক) বৈদেশিক সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগী/বিশ্ববিদ্যালয়ের সম্পূর্ণ অর্থায়নে প্রদত্ত ফেলারশীপ/ফেলোশীপ-এর আওতাধীন মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়ন; এবং
- (খ) বৈদেশিক সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগীর আমন্ত্রণে ও সম্পূর্ণ অর্থায়নে আয়োজিত বিশেষায়িত/পেশাগত প্রশিক্ষণ/সেমিনার-এ অংশগ্রহণ।


০৯.১১.২০২২

(মোঃ তোহিদুল ইসলাম)

উপসচিব

৯৫১৪১৪৬

ই-মেইল: touhiduli@finance.gov.bd

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব,, মন্ত্রণালয়/বিভাগ
৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা